

💵 তাওহীদ ও তার প্রমাণাদি

বিভাগ/অধ্যায়ঃ আকীদার ব্যাপারে ৫০টি প্রশ্নোত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

প্রশ্ন-৪৬: ভাগ্যের ভাল- মন্দ উভয়টি সাধারণভাবে কি আল্লাহর পক্ষ থেকে হয়?

উত্তর: হ্যাঁ উভয়টি আল্লাহর পক্ষ থেকে হয়। আলী (রাযিয়াল্লাহু আনহু) হতে, তিনি বলেন: বাকী আল গারকাদে (কবরস্থান) আমরা একটি জানাযায় শরীক হলাম, অতঃপর রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি অসাল্লাম) এসে বসলেন, আমরাও তাঁর পাশে বসলাম। তাঁর নিকট একটি লাঠি ছিল এটি দ্বারা তিনি মাটিতে দাগ কাটতেছিলেন, অতঃপর তিনি বললেন: (তোমাদের মধ্যে এমন কোনো ব্যক্তি নেই, এমন কোনো নাফস নেই কিন্তু তার ঠিকানা জান্নাত বা জাহান্নামে লিখা হয়েছে, দূর্ভাগ্য বা সৌভাগ্যশালী লিখা হয়েছে) অতঃপর তিনি পাঠ করলেন:

﴿ فَأَمَّا مَن ا أَعاطَىٰ وَٱتَّقَىٰ ٥ وَصَدَّقَ بِٱلاَحُسلانَىٰ ٦ فَسَنُيسِّرُهُ اللاَيُسلاَرَىٰ ٧ وَأَمَّا مَن ا بَخِلَ وَٱسلاَتَغانَىٰ ٨ وَكَذَّبَ بِٱللاَحُسلاَنَىٰ ٩ فَسَنُيسِّرُهُ اللاَعُسلاَرَىٰ ١٠ ﴾ [الليل: ٥، ١٠]

অর্থাৎ: সূতরাং যে ব্যক্তি দান করবে এবং সংযত হবে এবং সৎ বিষয়কে সত্য জানবে; অচিরেই আমি তার জন্যে সুগম করে দেব সহজ পথ, পক্ষান্তরে যে ব্যক্তি কার্পণ্য করবে ও নিজেকে স্বয়ং সম্পূর্ণ মনে করবে; অচিরেই আমি তার জন্যে সুগম করে দেব কঠোর পরিণামের পথ। [সূরা লাইল : ৫-১০]

হাদীসে এসেছে, তোমরা আমল করে যাও কেননা প্রত্যেকেই পরিচালিত, অতঃপর মন্দলোকগণ মন্দ কাজের জন্য পরিচালিত এবং সংলোকগণ সং কাজের জন্য পরিচালিত। তারপর তিনি পাঠ করলেন:

﴿ فَأَمَّا مَن ؟ أَعالَطَىٰ وَٱتَّقَىٰ ٥ وَصدَّقَ بِٱلآحُسانَىٰ ٦ ﴾ [الليل: ٥، ٦]

সূতরাং যে ব্যক্তি দান করবে এবং সংযত হবে এবং সৎ বিষয়কে সত্য জানবে

Source — https://www.hadithbd.com/books/link/?id=3655

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন